



টাইমস হায়ার এডুকেশন ইয়ং ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে দেশসেরা এনএসইউ

টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) ইয়ং ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে ২০২৪-এ ৩০১-৩৫০ ব্যান্ডে স্থান পেয়েছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। ২০২৪ সালের এই র‍্যাঙ্কিংয়ে অনূর্ধ্ব ৫০ বছর বয়সি মোট ৬৭৩টি বিশ্ববিদ্যালয়ের তালিকা করা হয়েছে।

টিএইচই ইয়ং ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ১৯৭৪ সাল পরবর্তী বিশ্ববিদ্যালয়গুলোর মানদণ্ড পরিমাপ করতে মোট ১৩টি সূচক ব্যবহার করেছে। এই সূচকগুলোকে পাঁচটি ভাগে বিভক্ত করা হয়েছে: পাঠদান (শিক্ষার পরিবেশ), গবেষণার পরিবেশ (পরিমাণ, আয়, খ্যাতি), গবেষণার গুণগতমান (সাইটেশন ইমপ্যাক্ট, গবেষণার সক্ষমতা, গবেষণার উৎকর্ষ, গবেষণার প্রভাব), আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা (কর্মী, শিক্ষার্থী, গবেষণা), এবং ইন্ডাস্ট্রি (আয়, পোটেন্ট)।

বাংলাদেশের ১৫টি বিশ্ববিদ্যালয় তালিকার জন্য তথ্য-উপাত্ত জমা দিলেও স্থান পেয়েছে মাত্র চারটি। এনএসইউ শীর্ষে, ব্র্যাক বিশ্ববিদ্যালয় দ্বিতীয়, খুলনা বিশ্ববিদ্যালয় তৃতীয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চতুর্থ স্থানে রয়েছে। গত বছর বাংলাদেশের একমাত্র বিশ্ববিদ্যালয় হিসেবে এই মর্যাদাপূর্ণ তালিকায় স্থান পেয়েছিল নর্থ সাউথ ইউনিভার্সিটি।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম বৈশ্বিক মঞ্চে বিশ্ববিদ্যালয়ের অর্জনে সন্তুষ্টি প্রকাশের পাশাপাশি তালিকায় স্থান করে নেওয়ায় অন্য তিনটি বিশ্ববিদ্যালয়কে অভিনন্দন জানান। সংবাদ বিজ্ঞপ্তি